

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১২০৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. তৃতীয় অনুচ্ছেদ - রাতের সালাত

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: مَا كُنَّا نَشَاءُ أَنْ نَرَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي اللَّيْلِ مُصَلِّيًّا إِلَّا رَأَيْنَاهُ وَلَا نَشَاءُ أَنْ نَرَاهُ نَائِمًا إِلَّا رَأَيْنَاهُ. رَوَاهُ النَّسَائِيُّ

বাংলা

১২০৮-[২১] আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, যদি আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে রাতে সালাতরত অবস্থায় দেখার জন্যে লক্ষ্য করতাম, তাহলে আমরা তাঁকে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে দেখতে পেতাম। আর আমরা যদি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ঘুম অবস্থায় দেখার জন্যে লক্ষ্য করতাম, তাহলে আমরা তাঁকে ঘুমন্ত অবস্থায়ই দেখতে পেতাম। (নাসায়ী)[১]

ফুটনোট

[১] সহীহ : নাসায়ী ১৬২৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের কিছু অংশ ঘুমাতেন এবং কিছু অংশ সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। তিনি কখনো পূর্ণ রাত সালাত আদায় করতেন না। আবার পূর্ণ রাত ঘুমাতেন না। এও উদ্দেশ্য হতে পারে যে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতের কিছু অংশ সালাতে কাটিয়ে কিছু অংশ ঘুমাতেন। একই রাতে তিনি তা একাধিকবার করতেন। সিন্দী বলেন, রাতে সালাত আদায় করা ও ঘুমানোর জন্যে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দিষ্ট কোন সময় ছিল না। রাতের প্রতি সময়েই তিনি কোন রাতে ঘুমিয়েছেন আবার ঐ সময়েই কোন রাতে সালাত আদায় করেছেন। এ বক্তব্য ‘আয়িশাহ্ (রাঃ)-এর ঐ বক্তব্যের বিরোধী নয় যাতে তিনি বলেন, মোরগের চিৎকার শুনে তিনি উঠতেন। কেননা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তার ঘরে থাকতেন তখন এ সময় সালাত আদায় করতেন এবং তিনি যা অবলোকন করেছেন সে সম্পর্কে সংবাদ দিয়েছেন। আর আনাস (রাঃ)-এর এ হাদীসে অন্যান্য সময়ের অবস্থা বর্ণিত হয়েছে যা ‘আয়িশাহ্ (রাঃ) অবহিত নন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55768>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন